জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০২০/ ৩৭৮

তারিখ- ০৫/১২/২০১৯ইং

## সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ১১/১২/২০১৯ খ্রিঃ তারিখ রোজঃ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।

২।(অক্টোবর-ডিসেম্বর/২০১৯) কোয়াটারে নারী কম্পিউটার প্রশিক্ষনার্থীদের মাঝে যাতাযাত ভাতাসহ আনুষাঙ্গিক খরচাদি বিষয়ে আলোচনা।

৩। বঙ্গবন্ধুপাড়া বস্তি উন্নয়ন কমিটির সদস্য সচিব পরিবর্তন করন প্রসঙ্গে ।

৪। বিবিধ।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

.................................................................

সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

## জয়পুরহাট।

### সভা নং-৬৭

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি'র (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

সভাপতি ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ১১/১২/২০১৯খ্রিঃ।
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

**আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।**

আলোচনা ঃ- গত ১১/১১/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ- গত **১১/১১/২০১৯** খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

**৩নং আলোচ্য বিষয় ঃ (অক্টোবর-ডিসেম্বর/২০১৯) কোয়াটারে নারী কম্পিউটার প্রশিক্ষনার্থীদের মাঝে যাতাযাত ভাতাসহ আনুষাঙ্গিক খরচাদি বিষয়ে আলোচনা।**

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, মেয়র মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে(অক্টোবর-ডিসেম্বর/২০১৯) কোয়াটারে ০৮ (আট) জন পুরুষকে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে এবং এ মাসের শেষে অর্থাৎ ডিসেম্বর/১৯ মাসের শেষ দিকে ৬০দিন ব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ কোর্স সম্পন্ন হবে। প্রশিক্ষণ কার্যক্রমে ব্যয়ের বিবরণী সভায় তুলে ধরার জন্য সভাপতি এ কমিটির সদস্য সচিব মোঃ হাসানুজ্জামান কে বললে, মোঃ হাসানুজ্জামান পুরুষদের কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রমে জয়পুরহাট পৌরসভার PRAP বাস্তবায়নের আওতায় পৌর রাজস্ব বাজেট হতে প্রশিক্ষণার্থীদের মাঝে যাতাযাত ভাতাসহ আনুষাঙ্গিক খরচের বিবরণী নিম্নোক্ত ভাবে তুলে ধরেন।

| ক্রঃনং | বর্ণনা | জন/সংখ্যা | প্রতি দিন | প্রতিদিনের খরচ | মোট দিন | মোট খরচ |
|---|---|---|---|---|---|---|
| ১ | প্রশিক্ষণার্থীদের যাতায়াত খরচ | ৮ | ১০০ | ৮০০ | ৬০ | ৪৮,০০০/- |
| ২ | প্রশিক্ষকের সম্মানী | ১ | ৪০০ | ৪০০ | ৬০ | ২৪,০০০/- |
| ৩ | নাস্তা | ৯ | ১০ | ৯০ | ৬০ | ৫,৪০০/- |
| ৪ | **কলম ,নোট প্যাড ও ফোল্ডার** | **৮** | **১৪০** | **১,১২০** | **০১** | **১,১২০/-** |
| | | | | | **সর্বমোট** | **৭৮,৫২০/-** |

কথায় ঃ (আটাত্তর হাজার পাঁচশত বিশ ) টাকা মাত্র।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা অন্তে উপস্থিত সদস্যগণ(অক্টোবর-ডিসেম্বর/২০১৯) কোয়াটারে পুরুষ কম্পিউটার প্রশিক্ষনার্থীদের মাঝে যাতাযাত ভাতাসহ আনুষাঙ্গিক খরচাদি জন্য উত্থাপিত বাজেট সর্ব সম্মতিক্রমে অনুমোদন করেন এবং মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা বাজেট অনুযায়ী অগ্রিম উত্তোলন করে খরচাদি করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হলো।

**আলোচ্য সূচি-৩ ঃ <u>বঙ্গবন্ধুপাড়া বস্তি উন্নয়ন কমিটির সদস্য সচিব পরিবর্তন করন প্রসঙ্গে</u>।**

<u>আলোচনাঃ</u> সভাপতি বঙ্গবন্ধুপাড়া বস্তি উন্নয়ন কমিটির সদস্য সচিব পরিবর্তন করণ বিষয়ে আলোচনার সূত্রপাত করলে এ কমিটির সদস্য সচিব মোঃ হাসানুজ্জামান সভাপতির অনুমতি নিয়ে বলেন, UGIIP-III প্রকল্পের জন্য কমিউনিটি ফিল্ড ওয়ার্কার হিসেবে নিয়োগকৃত মোঃ ছানোয়ার হোসেন বঙ্গবন্ধুপাড়া বস্তি উন্নয়ন কমিটির সদস্য সচিব পদে নিয়োজিত ছিলেন। তার নিয়োগকৃত প্রতিষ্ঠান LKSS-HRC হতে স্মারক নং-UGIIP-3/চুক্তি-৭৯/২০১৮/বদলী/জনবল ৮৭-জন/অফিস আদেশ/ক্রমিকঃ ১৩৭ তারিখঃ০১/১০/২০১৯ মূলে মোঃ ছানোয়ার হোসেন কে শাহাজাদপুর পৌরসভায় স্ব-পদে বদলী করা হয়েছে। ফলে বঙ্গবন্ধুপাড়া বস্তি উন্নয়ন কমিটির সদস্য সচিব পদে প্রকল্পের নির্দেশনার আলোকে নতুন একজনকে অন্তর্ভূক্ত করা প্রয়োজন। আলোচনাকালে এ কমিটির সদস্য মিসেস রোজী বেগম সদস্য সচিব পদে নিয়োগের ক্ষেত্রে প্রকল্পের নির্দেশনার বিষয়টি জানতে চাইলে, এ কমিটির সদস্য সচিব বলেন, পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা, উপ-সহকারী প্রকৌশলী, কমিউনিটি ফিল্ড ওয়ার্কার ও মেয়র কর্তৃক মনোনীত কর্মকর্তা/কর্মচারী কে বস্তি উন্নয়ন কমিটির সদস্য সচিব করতে হবে। আলোচ্য বিষয়ে সভাপতি বলেন, প্রকল্প কর্তৃক অনুমোদিত ০৭(সাত) টি বস্তির মধ্যে ০৩ (তিন) টি বস্তির সদস্য সচিব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, মোঃ মিজানুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ০২ টি ও মোঃ সাজ্জাদুর রহমান. সহকারী কর আদায়কারী (অস্থায়ী) ০১ টি বস্তির সদস্য সচিব হিসেবে দায়িত্বে আছেন। যেহেতু তারা দীর্ঘদিন বস্তি উন্নয়ন কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করছে। তাই বঙ্গবন্ধুপাড়া বস্তি উন্নয়ন কমিটির সদস্য সচিব হিসেবে মোঃ,সাজ্জাদুর রহমান কে অন্তর্ভূক্ত করার জন্য নাম প্রস্তাব করেন। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ** বঙ্গবন্ধুপাড়া বস্তি উন্নয়ন কমিটির সদস্য সচিব হিসেবে মোঃ সাজ্জাদুর রহমান এর নাম সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো, যা বঙ্গবন্ধুপাড়া বস্তি উন্নয়ন কমিটি সভায় আলোচনা এবং পৌর কার্যালয় হতে অফিস অর্ডারের করে সমুদয় কগজাদি প্রকল্প অফিসে প্রেরনের সিদ্ধান্ত গ্রহন করা হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০/ ৩৯২

তারিখ- ২১/১১/২০১৯ ইং

**<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ</u>**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ........................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, সংরক্ষিত-৬, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১১/১২/২০১৯ ইং।
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ ১১.০০ ঘটিকা।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী(ভাঃ) জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী কাউন্সিলর, সংরক্ষিত-৩, | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | |